



বাংলাদেশ ব্যাংক

অনলাইনে কৃত্রিম মুদ্রায় (যেমন : বিটকয়েন) লেনদেন হতে বিরত থাকার বিষয়ে সতর্কীকরণ বিজ্ঞপ্তি।

বিটকয়েন নামীয় অনলাইন ভিত্তিক কৃত্রিম মুদ্রায় (Crypto currency) লেনদেন বিষয়ক কতিপয় সংবাদ বাংলাদেশ ব্যাংকের গোচরীভূত হয়েছে। ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য হতে জানা যায় যে, বিটকয়েন বিবিধ বিনিময় প্ল্যাটফর্মে (exchange platform) কেনা বেচা হচ্ছে। উল্লেখ্য, এটি কোন দেশের ইস্যুকৃত বৈধ মুদ্রা (legal tender) নয়। বিটকয়েন বা বিটকয়েনের ন্যায় অন্য কোন কৃত্রিম মুদ্রায় লেনদেন বাংলাদেশ ব্যাংক বা বাংলাদেশ সরকারের কোন সংস্থা দ্বারা স্বীকৃত নয়। বিটকয়েনের মাধ্যমে অর্থমূল্য পরিশোধ ও নিষ্পত্তি সংঘটিত হয় মূলতঃ অনলাইন ভিত্তিক নেটওয়ার্কের মাধ্যমে এবং এটি কোন কেন্দ্রীয় কর্তৃপক্ষ/পেমেন্ট সিস্টেম নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত না হওয়ায় গ্রাহকগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন। এসব মুদ্রায় লেনদেনে বৈদেশিক মুদ্রার অননুমোদিত আদান-প্রদানের সংশ্লিষ্টতা থাকতে পারে যা বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ অনুসারে দণ্ডযোগ্য হবে। তাছাড়া এসব মুদ্রা ব্যবহারকারীরা মানিলান্ডারিং আইন ভঙ্গ করার দায়ে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর আওতায়ও অভিযুক্ত হবেন।

এমতাবস্থায়, সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি এড়ানোর লক্ষ্যে বিটকয়েনের ন্যায় কৃত্রিম মুদ্রায় লেনদেন বা এসব লেনদেনে সহায়তা প্রদান ও এর প্রচার হতে বিরত থাকার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে।